



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৫ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বৈশাখ ও লোকজ উৎসব অনুষ্ঠানে সিটি মেয়র

১৪২৫ বঙ্গাব্দ বাংলা নববর্ষ উপলক্ষে ১৪ এপ্রিল ২০১৮ খ্রি. শনিবার, সকালে বহদারহাটস্থ স্বাধীনতা পার্কে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এক ব্যতিক্রমধর্মী বৈশাখী মেলা ও লোকজ উৎসবের আয়োজন করে। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, উর্দ্ধতন কর্মকর্তা, কর্মচারীদের পারিবারিক মিলন মেলায় পরিণত হয়। অনুষ্ঠানের শুরুতে মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। এসময় প্রধান অতিথির ভাষণে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাঙালির হাজার বছরের ইতিহাস লোকজ ঐতিহ্য এবং গৌরবের উৎসব পহেলা বৈশাখ। বাংলা নববর্ষ উদযাপনে মিলে মিশে আছে বাঙালি সাংস্কৃতিক চিরায়িত শাস্বত সুন্দর। এ উৎসব বাঙালিকে দেয় সুন্দর আগামী পথের নতুন প্রেরনা। অপশক্তিকে রুখে দেয়ার সাহসও পায় বাঙালি এ উৎসব থেকে। বৈশাখী মেলা ও লোকজ উৎসবে সভাপতিত্ব করেন মেলা আয়োজন কমিটির আহবায়ক ও সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর মোঃ সলিম উল্লাহ বাচ্চু। এতে প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী ও চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল ও কলেজের শিক্ষার্থী এবং শিক্ষক কর্মচারীরা লোকজ সংগিত, ভাওয়াইয়া, আবৃত্তি, গান ও নৃত্য পরিবেশন করেন। প্রায় ১০ হাজার দর্শনার্থী বৈশাখী মেলা ও লোকজ উৎসব উপভোগ করেন। অনুষ্ঠান সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত অব্যাহত ছিল। অনুষ্ঠানের প্রধান অতিথি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পারিবারিক এ আয়োজনে অংশগ্রহণকারী সকলকে প্রতিষ্ঠানের স্বার্থে দায়িত্ব পালন করে নিজেদের মেধা ও দক্ষতার পরিচয় দেয়ার পরামর্শ দেন। তিনি বলেন, যতদিন মেয়রের দায়িত্বে থাকব- ততদিন সেবা দিয়ে নগরবাসীর কল্যাণে নিয়োজিত থাকব। বাধা বিপত্তি অতিক্রম করেই নাগরিক সেবা নিশ্চিত করা হবে। তিনি তাঁর দায়িত্বপালন কালীন সময়ে কর্মকর্তা-কর্মচারীদের ঐক্যান্তিক সহযোগিতা কামনা করেন। নতুন বছরে শপথ নিয়ে নাগরিক সেবার আরো উৎকর্ষ সাধন করার জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। মেয়র বলেন, সাধ ও সাধ্যের মধ্যে সকল কর্মকর্তা-কর্মচারীর পদোন্নতি ও স্থায়ী করণ সহ বিধিমত সকল সুযোগ সুবিধা নিশ্চিত করা হবে। তার কাছ থেকে কেউই হতাশ হবেন না।

চট্টগ্রাম-১৫ এপ্রিল ২০১৮ খ্রি.

এএফসি হেলথ ফরটিস হার্ট ইনস্টিটিউট এর সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষর

১৫ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, সকালে নগর ভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর উপস্থিতিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যসেবা সংক্রান্ত বিষয়ে এএফসি হেলথ ফরটিস হার্ট ইনস্টিটিউট এর সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এ চুক্তির মধ্য দিয়ে অত্র ইনস্টিটিউটে অতি সহজে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা স্বাস্থ্য সেবা গ্রহণ করতে সক্ষম হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সম্মানার্থে উক্ত ইনস্টিটিউট চসিককে এ সুযোগ দিল। চুক্তিতে স্বাক্ষর করেন এএফসি হেলথ ফরটিস হার্ট ইনস্টিটিউট এর পক্ষে ফ্যাসিলিটি ডাইরেক্টর বিনোদ সিং ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা। সমঝোতা স্মারকে স্বাক্ষরী হিসেবে স্বাক্ষর করেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী ও ডা. ইমাম হোসেন এবং এএফসি হেলথ ফরটিস হার্ট ইনস্টিটিউট এর পক্ষে সহকারী ম্যানেজার রাম প্রসাদ সুশীল, বিজনেস প্রমোশন অফিসার তানভীর সরওয়ার খান, অফিসার মো. তাজুল ইসলাম।

চট্টগ্রাম-১৫ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রর নিকট বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আয়োজিত অনূর্ধ্ব-১৪ হকি টুর্নামেন্টে রানারআপ ট্রফি হস্তান্তর করলেন সিজেকেএস হকি কমিটি

চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আয়োজিত অনূর্ধ্ব-১৪ হকি টুর্নামেন্টে রানারআপ হওয়ার গৌরব অর্জন করেছে। ১৫ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, সকালে নগরভবনের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন এর নিকট রানারআপ ট্রফি হস্তান্তর করেন সিজেকেএস হকি কমিটি। এসময় সিজেকেএস হকি কমিটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান এডভোকেট জিয়াউদ্দিন আহমেদ, ভাইস চেয়ারম্যান এবিএম খালেকুজ্জামান দাদুল, সম্পাদক মো. লুৎফুল করিম সোহেল, যুগ্ম সম্পাদক সাইফুল আলম বাবু, নিজাম উদ্দিন নিজু, সদস্য মাসুদুল ইসলাম, জিয়াউর রহমান, আল মামুনুল করিম, সাবেক খেলোয়াড় কাউসার হাবিব, অভিভাবক মোহাম্মদ আলী, ক্রীড়া শিক্ষক মো. নুরুল ইসলাম, অনূর্ধ্ব-১৪ হকি দলের অধিনায়ক পারভেজ, গোলরক্ষক সায়মন, মিনহাজ, জাহির, শামি, সাজ্জাদ, ইরফান, সাকিব, সৌরভ, সাবাব সাকিব সহ খেলোয়ারবৃন্দ উপস্থিত ছিলেন। রানারআপ ট্রফি হস্তান্তর অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, অর্জিত সাফল্য ধরে রাখতে হবে। খেলোয়াড়দের আরো দক্ষতা অর্জন করে দেশের সুনাম বাড়াতে হবে। মেয়র খেলোয়াড়দের নীতি নৈতিকতায় সমৃদ্ধ হয়ে খেলাধুলায় পারদর্শিতা অর্জন করার উপর গুরুত্বারোপ করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন